

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের
ভিসি, প্রো-ভিসি পদে
জাতীয়তাবাদী লবির
জোর তৎপরতা

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি ও প্রো ভিসি পদে নিয়োগ লাভের জন্য বিএনপিগণী শিক্ষকদের মধ্যে ব্যাপক লবিং-এপিং শুরু হইয়া গিয়াছে। ইহাছাড়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বেশ কয়েকজন শিক্ষক দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ে এবং সরকারি বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিয়োগলাভে চেষ্টা চালাইতেছেন। চট্টগ্রাম (১৩শ পৃঃ ৭-এর কঃ ৫ঃ)

চট্টগ্রাম ভাসিটির-ভিসি, প্রো ভিসি
(৩য় পৃঃ পর)

বিশ্ববিদ্যালয়ের ভিসি ও প্রো ভিসি পদে নিয়োগ লাভের জন্য সভ্যতা বেশ কয়েকজন শিক্ষক চট্টগ্রাম বিএনপির শীর্ষ নেতৃত্বদ এবং ঢাকার কেন্দ্রীয় পর্যায়ে বিভিন্ন মাধ্যমে যোগাযোগ ও লবিং অব্যাহত রাখিয়াছেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিএনপি রাজনীতিতে দীর্ঘদিন সক্রিয় শিক্ষকগণের অভিমত হইতেছে বিগত দিনে যাহাদেরকে বিএনপির প্রয়োজনে পাওয়া গিয়াছে তাহাদেরকে গুরুত্বপূর্ণ পদ দেওয়া হউক। কোন সুযোগ সফলী কিংবা বিগত দিনে বিতর্কিত কোন শিক্ষকদের যে ভিসি কিংবা প্রো ভিসি পদে দায়িত্ব দেওয়া না হয়। বিএনপিগণী শিক্ষকগণ তাহাদের বিভিন্ন গ্রুপ মিটিং-এ ভিসি এবং প্রো-ভিসি পদের যোগ্য এবং প্রকৃত বিএনপির আদর্শে বিশ্বাসী শিক্ষকদের নিয়োগ দেওয়ার পক্ষে মত প্রকাশ করা হয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি পদে নিয়োগ লাভে যে তিনজনের নামে বিশেষভাবে তনা যাইতেছে তাহারা হইতেছেন অধ্যাপক ড. ইউনুফ শরীফ আহমদ খান, ড. মাহবুব উল্লাহ ও অধ্যাপক বনিউল আলম।

এদিকে প্রো ভিসি হওয়ার জন্য যাহাদের নাম তনা যাইতেছে তাহারা হইতেছেন অধ্যাপক ড. আন ম মুনির আহমদ, অধ্যাপক ড. সিদ্দিক আহমদ চৌধুরী, অধ্যাপক ড. শামসুদ্দিন আহমদ প্রমুখ। বিগত বিএনপি সরকারের শেষ সময়ে কৃষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসাবে নিয়োগ লাভকারী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ইনামুল হকও অন্যকোন বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব লাভে আগ্রহী। ইহাছাড়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আবুল কালাম আজাদ, ড. আবুল কালাম চৌধুরী, ড. এমদাদুল হকসহ বেশ কয়েকজন শিক্ষক সরকারি বিভিন্ন দায়িত্ব পাওয়ার আশা পোষণ করেন বলিয়া জানা যায়।